

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ অক্টোবর ২০২২

নং ২৮.০০.০০০০.০২৬.৪০.০২১.২০.১২৬—জ্বালানি তেলের মূল্য হ্রাস/বৃদ্ধির ক্ষেত্রে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)’র আওতাধীন তিনটি তেল বিপণন কোম্পানির (পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ও যমুনা অয়েল কোম্পানি লিমিটেড) জ্বালানি তেল পরিবহণ বহরে নিয়োজিত কোস্টাল ট্যাংকার/বে-ক্রসিং শ্যালো ড্রাফট/শ্যালো ড্রাফট ট্যাংকারের (জাহাজ) ভাড়া নিম্নোক্ত ফর্মুলার আলোকে হ্রাস/বৃদ্ধি পাইবে। এছাড়াও, ত্রি-বার্ষিক অয়েল ট্যাংকারের পরিবহণ ভাড়াও বৃদ্ধি পাইবে।

অয়েল ট্যাংকারের ভাড়া বৃদ্ধি/হ্রাসের ফর্মুলা:

- (ক) জ্বালানি তেলের মূল্য হ্রাস/বৃদ্ধি হলে ১.০০ টাকা হ্রাস/বৃদ্ধির ক্ষেত্রে জাহাজের ভাড়া প্রতি টাকায় কোস্টাল ট্যাংকারের ক্ষেত্রে প্রতিটন প্রতি নটিক্যাল মাইলে ০.০৩৩ টাকা এবং বে-ক্রসিং শ্যালো ড্রাফট/শ্যালো ড্রাফট ট্যাংকারের ক্ষেত্রে প্রতিটন প্রতি নটিক্যাল মাইলে ০.০৩৯ টাকা হ্রাস/বৃদ্ধি পাইবে; এবং
- (খ) অয়েল ট্যাংকারের পরিবহণ ভাড়া (প্রতি বছর প্রতিটন প্রতি নটিক্যাল মাইল ০.০৯ টাকা হারে) ত্রি-বার্ষিক ভিত্তিতে $(৩ \times ০.০৯) = ০.২৭$ টাকা বৃদ্ধি পাইবে।
- ২। জ্বালানি তেলের মূল্য হ্রাস/বৃদ্ধির সময় থেকে উপরোক্ত ফর্মুলা স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬৭৩৯)

মূল্য : টাকা ৪.০০